

**এসএসসি ও দাখিল পরীক্ষা  
পঞ্চম দিনে ২ শিক্ষকসহ  
বহিষ্কার ১০৫ : অনুপস্থিত  
২৭০৩ পরীক্ষার্থী**

**স্টাফ রিপোর্টার**

সারা দেশের দশটি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার গতকাল (সোমবার) ছিল পঞ্চম দিন। দশটি শিক্ষা বোর্ডে এদিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ১০১ জন পরীক্ষার্থী ও ২ শিক্ষক। আর দশ বোর্ডে অনুপস্থিত ছিল ২ হাজার ৭০৩ জন শিক্ষার্থী। গতকাল আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে, অনুষ্ঠিত গণিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৪৬ জন পরীক্ষার্থী। এছাড়া ঢাকা বোর্ডে ১ জন শিক্ষক বহিষ্কার হয়েছে। অন্যদিকে, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আরবী প্রথম পত্রের পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৪ জন পরীক্ষার্থী এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১ শিক্ষক ও ৫১ পরীক্ষার্থী। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষের হিসাব অনুযায়ী, গতকাল দশটি বোর্ডে অনুপস্থিত ছিল ২ হাজার ৭০৩ জন শিক্ষার্থী। এ মাথো ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর

**এসএসসি ও ১০-এর পৃষ্ঠার পর**

সংখ্যা ৫০৯ জন, রাজশাহীতে ১৭০ জন, যশোরে ৩২২ জন, বরিশালে ৯৬ জন, সিলেটে ৮৮ জন, কুমিল্লায় ১১৭ জন, চট্টগ্রামে ১৫২ জন এবং দিনাজপুরে ৬১ জন। মাদ্রাসা বোর্ডের দাখিলে ৬৭৭ জন এবং এসএসসি ভোকেশনালে ৪৭৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকায় ১৬ জন, রাজশাহীতে ৩ জন, যশোরে ৫ জন, বরিশালে ৩ জন, কুমিল্লায় ১ জন, চট্টগ্রামে ৮ জন, সিলেটে ১ জন এবং দিনাজপুরে ৯ জন। দাখিলে বহিষ্কৃত হয়েছে ৪ জন পরীক্ষার্থী। এছাড়া কারিগরি বোর্ডের অধীনে পরীক্ষায় ৫১ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর আটটি সাধারণ শিক্ষা বোর্ড, একটি কারিগরি বোর্ড এবং একটি মাদ্রাসা বোর্ডের অধীনে ১ হাজার ৯৯২ টি বোর্ডে সর্বমোট ১২ লাখ ২ হাজার ৮৬৪ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে। এর মাথো ঢাকা বোর্ড থেকে ২ লাখ ৭২ হাজার ১৮৩ জন, কুমিল্লা বোর্ড থেকে ১ লাখ ২ হাজার ৩২৩ জন, চট্টগ্রাম বোর্ড থেকে ৬৮ হাজার ৩০৯ জন, সিলেট বোর্ড থেকে ৪১ হাজার ১৬৯ জন, রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৩৪ হাজার ৬৮৭ জন, দিনাজপুর বোর্ড থেকে ১ লাখ ১৮ হাজার ২২০ জন, যশোর বোর্ড থেকে ১ লাখ ২৪ হাজার ১১৬ জন, বরিশাল বোর্ড থেকে ৫৫ হাজার ৫৭৫ জন, কারিগরি বোর্ড থেকে ৭৪ হাজার ৭২০ জন এবং মাদ্রাসা বোর্ড থেকে ২ লাখ ১১ হাজার ৫২৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

৭১১৫ ক৮৬